

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিদ্যালয়-১ অধিশাখা
www.mopme.gov.bd


স্মারক নং- ৩৮.০০.০০০০.০০৭.০৪.০০১.১৭/১১২

তারিখঃ ০৮ আশ্বিন ১৪২৫
২৩ সেপ্টেম্বর ২০১৮

বিষয় : রিট পিটিশন নং-১২০৬৬/২০১৭ (এ. বি. এম. মুজিবুর রহমান বরগুনা সদর বনাম সরকার) মামলার ২২/০৮/২০১৭ তারিখের আদেশ নিষ্পত্তিকরণ।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বরগুনা জেলার সদর উপজেলার কলাতলা বেসরকারী প্রাথমিক বিদ্যালয়টি ইন্ডিজেন্ট সোস্যাল এ্যাডভান্সমেন্ট ফাউন্ডেশন (ইনসারফ) নামক এনজিও কর্তৃক স্বেচ্ছাসেবী সংস্থার মাধ্যমে স্থাপিত ও পরিচালিত একটি প্রাথমিক বিদ্যালয়। রেজিস্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয়, কমিউনিটি প্রাথমিক বিদ্যালয় ও শিক্ষকগণের চাকুরী জাতীয়করণের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী বিগত ১২/১২/২০১২ তারিখে ২৬১৯৩টি প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণের জন্য অনুমোদন করেন। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত ও অনুমোদিত বিদ্যালয়ের মধ্যে বর্ণিত কলাতলা বেসরকারী প্রাথমিক বিদ্যালয়টি অন্তর্ভুক্ত নয়।

এমতাবস্থায়, বরগুনা জেলার সদর উপজেলার কলাতলা বেসরকারী প্রাথমিক বিদ্যালয়টি মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক জাতীয়করণের জন্য ঘোষিত ২৬১৯৩টি প্রাথমিক বিদ্যালয়ের আওতাভুক্ত না হওয়ায় জাতীয়করণ করার কোন সুযোগ নেই মর্মে প্রধান শিক্ষক মোঃ রুহুল আমীন এর ০৭/০৪/২০১৭ তারিখের আবেদন নিষ্পত্তি করা হলো।


(মোঃ মাহবুবুর রশীদ)
উপসচিব
ফোন- ৯৫১১০৭৩

মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। বিজ্ঞ সলিসিটর, আইন ও বিচার বিভাগ, সুপ্রীম কোর্ট কমপ্লেক্স, ঢাকা।
- ৩। সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। সহকারী সচিব, আইন, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
- ৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বরগুনা
- ৬। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
- ৭। জনাব মোঃ রুহুল আমীন, প্রধান শিক্ষক, কলাতলা বেসরকারী প্রাথমিক বিদ্যালয়, সদর, বরগুনা।
- ৮। অফিস আদেশ।